বিমান বাংলাদেশ এয়ারলাইনস লি: Biman BANGLADESH AIRLINES LTD.
HEAD OFFICE BALAKA KURMITOLA DHAKA 1229 BANGLADESH PHONES 8901600-14, 8901680-94, FAX 88-02-8901596 www.biman-airlines.com

সূত্র: ৩০.৩৪.০০০০.০৭৩. ২৯.০০০.২২/৯০ তারিখ: ২৫-০৮-২০২২ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড-এ নিম্নলিখিত পদে জনবল নিয়োগের লক্ষ্যে যোগ্য বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| পদের নাম | শিক্ষাগত যোগ্যতা | জেলা কোটা |
|---|---|---|
| **জুনিয়র অপারেটর জিএসই (ক্যাজুয়াল)**<br>বেতন বিভাগ ৩(১) প্রশাসন<br>পদ সংখ্যা: ১০০ টি<br>বয়স: ২৮-০৮-২০২২ খ্রিঃ তারিখে অনুর্দ্ধ ৩০ বছর এবং মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে ৩২ বছর। | ১) কমপক্ষে এইচএসসি অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ।<br>২) বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি কর্তৃক বৈধ লাইসেন্স থাকতে হবে।<br>৩) যানবাহন চালনায় তিন (৩) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। | **মুন্সিগঞ্জ, গোপালগঞ্জ, লক্ষীপুর, বগুড়া, পাবনা, পঞ্চগড়, ঠাকুরগাঁও, নড়াইল, ভোলা এবং পটুয়াখালি জেলা ব্যতীত অন্যান্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।** |

- **উল্লেখ্য, অপেশাদার লাইসেন্সধারী এবং যানবাহন চালনায় তিন (০৩) বছরের কম অভিজ্ঞ প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।**

**শর্তাবলি ও অনলাইনে আবেদনপত্র পূরণ করার নিয়মাবলি:**

০১। **জুনিয়র অপারেটর জিএসই পদে বয়সসীমা ২৮-০৮-২০২২ খ্রিঃ তারিখে সর্বোচ্চ ৩০ বছর ও মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে ৩২ বছর।** এসএসসি পাশের সনদপত্রের ভিত্তিতে বয়স নির্ধারিত হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০২। বর্ণিত পদের নির্বাচিত প্রার্থীগণ ৮৯ দিন ভিত্তিতে (শর্তসাপেক্ষে নবায়নযোগ্য) নিয়োগপ্রাপ্ত হবেন।

০৩। নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর ওয়েব সাইটে www.biman.gov.bd এবং www.biman-airlines.com প্রকাশ করা হবে।

০৪। বিমান কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি এবং পদনাম সংশোধন, পরিবর্তন এবং নিয়োগ বিজ্ঞপ্তি স্থগিত কিংবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

০৫। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয় ঃ-**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bbal.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শুরুর তারিখ ও সময়: ২৮-০৮-২০২২ খ্রিঃ, সকাল ১০:০০টা।
ii. অনলাইনে আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়: ১১-০৯-২০২২ খ্রিঃ, রাত ১২:০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online -এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৮০ Pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy-তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা এবং এর সঠিকতার বিষয়টি নিশ্চিত করে PDF copy download ও রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid মোবাইল ফোন নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে **বর্ণিত পদের আবেদন ফি অফেরতযোগ্য ৩৩৬/- (তিনশত ছত্রিশ টাকা) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দেবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত অনলাইন আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না"।** অসম্পূর্ণ/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ এবং চাকুরির বিজ্ঞপ্তিতে প্রকাশিত ন্যূনতম যোগ্যতার সাথে যেমন-বয়স, শিক্ষাগত যোগ্যতা, কোটা, জেলা ইত্যাদি যে কোন বিষয়ে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দ্বারা পূরণকৃত আবেদন নিয়োগের যে কোন পর্যায়ে বাতিল করা হবে। এক্ষেত্রে প্রার্থীর কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

- প্রথম SMS: BBAL <space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে ।
  Example: BBAL ABCDEF
- Reply: Applicant's Name, TK-(Application fee) will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BBAL<Space> Yes<Space>PIN and send to 16222.
- দ্বিতীয় SMS: BBAL<space>Yes<space>PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে
- Example: BBAL YES 12345678
- Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BBAL Application for post XXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXXX).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bbal.teletalk.com.bd ও www.biman.gov.bd এবং www.biman-airlines.com ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Psssword ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

  i. User ID জানা থাকলে BBAL<Space>Help<Space>User<Space>User ID & send to 16222 .
     Example: BBAL Help User ABCDEF & send to 16222
  ii. PIN Mumber জানা থাকলে BBAL<Space>Help<Space>PIN<Space>PIN No & send to 16222 .
     Example: BBAL Help PIN 12345678 & send to 16222

ঝ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

০৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক সাক্ষাৎকারের পূর্বে সনদ/দলিল/প্রমাণপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে ঃ

(১) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি, (২) প্রবেশপত্রের ফটোকপি, (৩) সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, (৪) শিক্ষাগত সকল সনদ ও ট্রান্সক্রিপ্টের ফটোকপি, (৫) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, (৬) নিজ জেলার সমর্থনে ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন/ওয়ার্ড কমিশনারের প্রদত্ত সনদ, (৭) অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)।

২৭/০৮/2022

মোঃ সামছুদ্দোহা আকন্দ
ব্যবস্থাপক প্রশাসন (রিক্রুটমেন্ট এন্ড স্টাফিং)
প্রশাসন ও মানব সম্পদ বিভাগ
বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড
বলাকা, কুর্মিটোলা, ঢাকা-১২২৯
ফোনঃ ৮৯০১৬০০ এক্সঃ ২১৫৪, ২১৫৭, ২১৫০